গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঝিনাইদহ।
http://doict.jhenaidah.gov.bd

**উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের সাথে আগষ্ট ২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মিহির কুমার মিত্র<br>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) |
| সভার তারিখ | ১৬-০৮-২০২৩ খ্রিঃ |
| সভার সময় | বেলা ০৩:৩০ ঘটিকা। |
| স্থান | ‘বৈঠক’ Meeting app |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য |

‘বৈঠক’ Meeting app এর মাধ্যমে সংযুক্ত উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :** সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার কর্তৃক জুলাই ২০২৩ মাস অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| **০২। শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্ত:** সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ জেলায় দুইটি পর্যায়ে ১২৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ০৪টি স্কুল অফ ফিউচার ল্যাব স্থাপন করা হয়েছে। মার্চ ২০২৩ মাসে জেলা ৬টি উপজেলায় সর্বমোট ১২৭টি শিক্ষা প্রতিষ্ঠান। নিয়মিত পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের প্রথম সপ্তাহে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া সভাপতি জানান যে, উপজেলা ভিত্তিক প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের শিক্ষকদের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে। | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) সহকারী প্রোগ্রামারগণ কর্তৃক SRDL পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৩) SRDL এর শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করতে হবে। | প্রোগ্রামার, ঝিনাইদহ/ সহকারী প্রোগ্রামার(সকল) / স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| **০৩। “সুরক্ষা” APPs:** প্রোগ্রামার(ভারপ্রাপ্ত), ঝিনাইদহ বলেন যে, কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কর্তৃক তৈরীকৃত “সুরক্ষা” সিস্টেম ব্যবহার করা হচ্ছে। টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক থাকা শর্তে ভুল তথ্য সংশোধন এবং উপজেলায় সুরক্ষা সংশোধন রেজিষ্টার তৈরি করে আবেদন গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১) টিকা গ্রহণকারী তথ্য সংশোধন করতে হবে<br>২) উপজেলায় সংশোধনের জন্য রেজিস্ট্রার তৈরি করতে হবে। | প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |

| | | |
|---|---|---|
| **০৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন নিয়মিত জেলা কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি মাঠ পর্যায়ে সকল সহকারী প্রোগ্রামারগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে গুরুত্বআরোপ করেন। | ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন নিয়মিত জেলা কার্যালয়ে প্রেরণ।<br>২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর ক্যালেন্ডার তৈরি করতে হবে। | সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| **০৫। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** সভায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান যে, উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ওয়েব পোর্টাল হালনাগাদকরণে উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামার উপজেলার সকল সরকারী দপ্তরকে পোর্টাল হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহে ওয়েব পোর্টাল হালনাগাদ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১) উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদকরণে সহায়তা করতে হবে।<br>২) প্রতিমাসে ওয়েব প্রোটালের হালনাগাদ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার (সকল), ইউপি সচিব (সকল), ঝিনাইদহ। |
| **০৬। ডি-নথি কার্যক্রমের অগ্রগতি :** সভাপতি ডি-নথির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ডি-নথি ব্যবহারে কারিগরি পরার্মশ্য প্রদান করতে হবে। | ডি-নথি ব্যবহারে কারিগরি পরার্মশ্য প্রদান করতে হবে। | প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| **০৭। জেলা ও উপজেলা পর্যায়ে ব্যবহৃত গুরুত্বপুর্ণ Apps:** জনস্বার্থে তৈরীকৃত সকল ধরণের হটলাইন নম্বর/ Apps ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা হয়। সরকারি তথ্য ও সেবার জন্য "৩৩৩", সকল জরুরি সেবার জন্য "৯৯৯", নারী শিশু নির্যাতন প্রতিরোধে "১০৯", দুদক-এ অভিযোগ জানাতে "১০৬", ভূমি সেবা পেতে ও অভিযোগ জানাতে "১৬১২২", শিশু সহায়তার জন্য "১০৯৮" এবং দূর্যোগের আগাম বার্তা জানতে "১০৯০" হটলাইন ব্যবহার করা যেতে পারে। | ১) সকল হট লাইন নম্বর ব্যবহার করার জন্য উদ্বুদ্ধ করতে হবে।<br>২) সকল জরুরি সেবার প্রচার প্রচারণা করতে হবে। | প্রোগ্রামার,ঝিনাইদহ / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| **০৮। ইউনিয়ন PoP সেন্টার ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন :** সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আইসিটি কার্যক্রমের মান বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহ জেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ২৩৪ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। ইনফো-সরকার ৩ প্রকল্পের মাধ্যমে ৫০টি ইউনিয়ন পরিষদে (সদর ব্যতীত) পপ সেন্টার স্থাপন ও ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। বিটিসিএল কর্তৃক ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়ন পরিষদে পপ সেন্টার স্থাপন ও ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। | ১) PoP সেন্টার নিয়মিত পরিদর্শন করতে হবে।<br><br>২) UDC এর কার্যক্রম নিয়মিত তদারকী করতে হবে। | প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল) / উদ্যোক্তা (সকল), ঝিনাইদহ। |
| **০৯। সিটিজেন চার্টার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত:** সভাপতি মহোদয় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত ৮ কলামে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | সিটিজেন চার্টার ওয়েব পোর্টালে আছে কি না যাচাই করতে হবে। | প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল) |
| **১০। শেখ রাসেল ল্যাবের সংশ্লিষ্ট স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম:** শেখ রাসেল ল্যাবের সংশ্লিষ্ট স্কুলের ৪ জন শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল) |
| **১১। সাইবার সিকিউরিটি সংক্রান্ত:** জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি ওয়েব পোর্টালে সাইবার টিন এ্যাপস্ লিংক যুক্ত করতে হবে এবং উপজেলা পর্যায়ে সাইবার সিকিউরিটি কমিটিতে সদস্য হিসেবে যুক্ত হতে হবে। | ১। ওয়েব পোর্টালে এ্যাপস্ যুক্ত করা<br>২। উপজেলা কমিটিতে অন্তভূর্ক্তকরণ | প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০-০৯-২০২৩
মিহির কুমার মিত্র
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)
+৮৮০২৪৭৭৭৪৬৫৭১
doict.jhenaidah@gmail.com

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৪৪০০.০০০.০৬.০০২.২৩.৫০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক , প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়(সকল), ঝিনাইদহ।;
৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ এবং
৪। কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ।

১০-০৯-২০২৩
মিহির কুমার মিত্র
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)